প্রথম আলো

তারিখ 29 DEC 2006 পৃষ্ঠা 8 কলাম

# বেতন-বোনাস না পাওয়ায় বেসরকারি শিক্ষক-কর্মচারীদের মধ্যে হতাশা

বিশাল বাংলা ডেস্ক

বাগমারা, গোয়ালন্দ, সরিষাবাড়ী, তাড়াইল, পীরগঞ্জ, সিরাজগঞ্জ ও পার্বতীপুরে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা আসন্ন ঈদুল আজহার আগে তাঁদের ডিসেম্বর মাসের বেতন ও ঈদ বোনাস পাচ্ছেন না। গতকাল বৃহস্পতিবারও ব্যাংকে গিয়ে টাকা না পেয়ে তাঁদের ফিরতে হয়েছে হতাশ হয়ে। আমাদের প্রতিনিধিদের পাঠানো খবর:

**প্রতিবছরই এ রকম হয়:** রাজশাহীর বাগমারার উপজেলা শিক্ষা অফিস জানায়, এখানকার চার সহস্রাধিক বেসরকারি শিক্ষক-কর্মচারী ভবানীগঞ্জ সোনালী ব্যাংক থেকে সরকারি অংশের বেতন ও বোনাস তুলে থাকেন। গতকাল পর্যন্ত ব্যাংকে বেতন ও বোনাস দেওয়ার নির্দেশ পৌঁছায়নি। গতকাল এসব শিক্ষক-কর্মচারী ব্যাংকে ভিড় করে টাকা না পেয়ে হতাশ হয়ে ফিরে যান।

কলেজশিক্ষক মোজাম্মেল হক বলেন, বেতন-বোনাস না পাওয়ায় অনেকে ঈদের বাজার করতে পারেননি। ব্যাংকের ব্যবস্থাপক আবদুর রব ইমানি বলেন, প্রতিবছরই ঈদের আগে এ রকম হয়। ঈদের আগে এসব শিক্ষক-কর্মচারীর বেতন-বোনাস দেওয়া সম্ভব হবে না।

**অধিকাংশই টাকা পাননি:** রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলায় কিছু কিছু শিক্ষক বোনাস পেলেও অধিকাংশই ফিরেছেন শূন্য হাতে। আবার যাঁরা বোনাস পেয়েছেন তাঁরাও সঙ্গে ডিসেম্বর মাসের বেতন পাননি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্র জানায়, এখানে প্রায় দুই শতাধিক বেসরকারি শিক্ষক-কর্মচারী বেতন পাননি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোকাররম হোসেন বলেন, আমি নিজেই তিন মাস ধরে বেতন পাচ্ছি না।

**১২৮ শিক্ষক ফিরলেন শূন্যহাতে:** জামালপুরের সরিষাবাড়ী উপজেলা

গতকাল দুপুর পর্যন্ত বেতন-বোনাস পাননি। দুপুর ১২টায় অগ্রণী ব্যা সরিষাবাড়ী শাখায় গিয়ে দেখা যায়, টাকা তুলতে এসব শিক্ষক-শিক্ষি ব্যাংকে ভিড় করেছেন। কিন্তু সরকারি আদেশ না আসায় তাঁরা হতাশ হ বাড়ি ফেরেন।

ব্যাংকের ব্যবস্থাপক মো. সুজাত আলী তালুকদার জানান, আদে পাওয়া মাত্রই রাত হলেও শিক্ষকদের পাওনা দেওয়া হবে।

**শেষ দিনেও বোনাস হলো না:** তাড়াইলের চার শতাধিক বেসরকা শিক্ষক-কর্মচারী বোনাস পাননি। পুরুড়া উচ্চবিদ্যালয়ের শিক্ষক মহিউদ্দি নান্টু বলেন, সারা দেশের চাকরিজীবীদের বোনাস হয়ে গেলেও শেষ দি এসেও আমরা তা পেলাম না।

সোনালী ব্যাংক তাড়াইল শাখার ব্যবস্থাপক মো. আবদুল হাই বলে কেন্দ্র থেকে নির্দেশ এসে পৌঁছায়নি।

**দাদন ব্যবসায়ীদের কাছে চেক বিক্রি:** পীরগঞ্জের বেসরকারি স্কু কলেজ ও মাদ্রাসার এক হাজার ৬০০ শিক্ষক-কর্মচারী তাঁদের বোনাস বেতন পাননি। কলেজিয়েট স্কুলের ফারাজুল জানান, কোরবানি ঈদে খর বেশি। তাই অনেক শিক্ষক-কর্মচারীই তাঁদের বেতনের চেক দাদ ব্যবসায়ীদের কাছে আগাম বিক্রি করেছেন। শিক্ষক তোফাজ্জল ও মোস্ত কামাল জানান, প্রতি হাজারে ১৭৫ টাকা কম দিয়ে তাঁদের বেতনের চে পীরগঞ্জ পৌর শহরের দাদন ব্যবসায়ীর কাছে দিয়ে টাকা নিয়েছেন।

**এটা চরম অবজ্ঞার প্রকাশ:** সময়মতো বেতন-বোনাস না আস পার্বতীপুর উপজেলার ১২৪টি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় আড়া হাজার শিক্ষক-কর্মচারীর পরিবার আসন্ন ঈদ উৎসব থেকে বঞ্চিত হচ্ছে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) পার্বতীপুর উপজেলা শাখা সভাপতি অধ্যাপক ফয়েজুর রহমান ক্ষোভ প্রকাশ করে বলেন, ঈদে আগে বেতন-বোনাস না দেওয়ায় শিক্ষকদের প্রতি সরকারের চর